# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৭৮৪

২০. হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ২৬. হারাম শরীফের এলাকায় শিকার করা

بَاب أَمْرِ الصَّيْدِ فِي الْحَرَمِ

আরবী

قَالَ مَالِك كُلُّ شَيْءٍ صِيدَ فِي الْحَرَمِ أَوْ أُرْسِلَ عَلَيْهِ كَلْبٌ فِي الْحَرَمِ فَقُتِلَ ذَلِكَ الصَّيْدُ فِي الْحِلِّ فَإِنَّهُ لَا يَحِلُّ أَكْلُهُ وَعَلَى مَنْ فَعَلَ ذَلِكَ جَزَاءُ الصَّيْدِ فَأَمَّا الَّذِي يُرْسِلُ كَلْبَهُ عَلَى الصَّيْدِ فِي الْحِلِّ فَيَطْلُبُهُ حَتَّى يَصِيدَهُ فِي الْحَرَمِ فَإِنَّهُ لَا يُؤْكَلُ وَلَيْسَ عَلَيْهِ فِي ذَلِكَ جَزَاءٌ إِلَّا أَنْ يَكُونَ أَرْسَلَهُ عَلَيْهِ وَهُوَ قَرِيبٌ مِنْ الْحَرَمِ فَإِنْ أَرْسَلَهُ قَرِيبًا مِنْ الْحَرَمِ فَعَلَيْهِ جَزَاؤُهُ

বাংলা

রেওয়ায়ত ৮৯. মালিক (রহঃ) বলেনঃ হারাম শরীফের[1] এলাকায় যদি কোন প্রাণী শিকার করা হয় বা হারম শরীফের এলাকায় কোন প্রাণীকে লক্ষ করিয়া শিকারী কুকুর ছাড়া হয় আর উহা যদি হারম শরীফের বাহিরে নিয়াও উহাকে শিকার করে তবু উক্ত পশু খাওয়া হালাল নহে। যে ব্যক্তি ঐ ধরনের কাজ করবে তাহাকে কাফফার হিসাবে উহার বদলা দিতে হইবে। আর যদি হারম শরীফের বাহিরে কোন প্রাণীকে লক্ষ করিয়া শিকারী কুকুর ছাড়া হয় আর উহা হারম শরীফের ভিতর আনিয়া শিকার করে, তবে উহাও খাওয়া জায়েয নহে, কিন্তু উক্ত ব্যক্তির উপর কাফফারা আসিবে না। তবে হারম শরীফের অতি নিকট সীমানায় যদি কুকুর ছাড়িয়া থাকে তবে তাহাকেও কাফফারা দিতে হইবে।

## English

Malik said, "It is not halal to eat any game that has been hunted in the Haram, or has had a dog set after it in the Haram and then been killed outside the Haram. Anyone that does that has to pay a forfeit for what has been hunted. However, some one that sets his dog after game outside the Haram and then follows it until it is hunted down in the Haram does not have to pay any forfeit, unless he set the dog after the game near to the Haram. The game should not be eaten, however. If he set the dog loose near the Haram then he has to pay a forfeit for the game."

## ফুটনোট

[1] হারম (حرم) বিজ্ঞ আলিমগণ এ শব্দকে এইভাবে লিপিবদ্ধ করিয়াছেন- ح হা-এর উপর যবর (فتح) এবং রা এর উপর যবর (فتح)। ইহার অর্থ পবিত্র মক্কার হারম শরীফের এলাকা এবং পবিত্র স্থান, মাস বা দিবস।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন । বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73680

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন